# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট এবং মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন শীর্ষক প্রকল্প এর ২০১৯-২০২০ অর্থ বছরের কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

রিপোর্ট নম্বর- ৫১/২০২১

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট এবং মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন শীর্ষক প্রকল্প এর ২০১৯-২০২০ অর্থ বছরের কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

রিপোর্ট নম্বর- ৫১/২০২১

# সূচিপত্র


| ক্রমিক নম্বর | বিবরণ | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| প্রথম অংশ | | |
| ১ | মুখবন্ধ | vii |
| অধ্যায়-১ | | |
| ২ | অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী | ৩-৭ |
| ৩ | নির্বাহী সারসংক্ষেপ | ৯ |
| ৪ | শব্দ সংক্ষেপ | ১১ |
| অধ্যায়-২ | | |
| ৫ | অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ | ১৫ |
| ৬ | অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ | ১৯-২৪ |
| দ্বিতীয় অংশ | | |
| ৭ | পরিশিষ্টসমূহ | ২৯-৪৩ |

# প্রথম অংশ

# মুখবন্ধ

১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১২৮(১) অনুযায়ী বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল প্রজাতন্ত্রের সরকারি হিসাবসমূহ এবং সকল আদালত, সরকারি কর্তৃপক্ষ ও কর্মচারীর হিসাব অডিট করার জন্য ক্ষমতাপ্রাপ্ত।

২। ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর নিয়ন্ত্রণাধীন ''লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট (২য় সংশোধিত)'' শীর্ষক প্রকল্প এবং ''মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (২য় সংশোধিত)'' শীর্ষক প্রকল্প এর ২০১৯-২০২০ অর্থ বছরের আর্থিক কার্যক্রমের উপর আইটি ও জনসেবা অডিট অধিদপ্তর কর্তৃক নমুনামূলক যাচাইয়ের মাধ্যমে অডিট সম্পাদনপূর্বক এই রিপোর্ট প্রণয়ন করা হয়েছে। সরকারি সম্পদ ও অর্থ ব্যবহারের ক্ষেত্রে চিহ্নিত গুরুতর আর্থিক অনিয়মসমূহের সাথে জড়িতদের জবাবদিহিতার আওতায় আনয়ন করাই এই রিপোর্টের মূল উদ্দেশ্য।

৩। এই অডিট রিপোর্টে অন্তর্ভুক্ত ৬টি অনুচ্ছেদে বর্ণিত অনিয়মসমূহ নিরীক্ষিত অফিস প্রধানসহ সংশ্লিষ্ট বিভাগ এর প্রধান হিসাবদানকারী অফিসার বরাবর ইস্যু করা হয়েছে এবং তাঁদের জবাব বিবেচনাপূর্বক এই রিপোর্ট চূড়ান্ত করা হয়েছে।

৪। এই অডিট সম্পাদন ও এই রিপোর্ট প্রণয়নে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক জারীকৃত ''Government Auditing Standards of Bangladesh'' অনুসরণ করা হয়েছে।

৫। জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী এই অডিট রিপোর্ট মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

তারিখ : ১৪/১২/১৪২৮ বঙ্গাব্দ
২৮/৩/২০২২ খ্রিষ্টাব্দ।

( মোহাম্মদ মুসলিম চৌধুরী )
বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল

# অধ্যায়-১

# অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী

**রিপোর্ট সম্পর্কিত তথ্য:**

এই রিপোর্ট ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর নিয়ন্ত্রণাধীন (১) ''লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট (২য় সংশোধিত)'' শীর্ষক প্রকল্প এবং (২) ''মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (২য় সংশোধিত)'' শীর্ষক প্রকল্প এর ২০১৯-২০২০ অর্থ বছরের আয়-ব্যয় এর উপর কমপ্লায়েন্স অডিট পরিচালনা করে প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য আইন, বিধি, প্রতিষ্ঠানের Key Performance Indicator (KPI) ইত্যাদি অডিট Criteria হিসেবে বিবেচনা করে উচ্চ ঝুঁকি ক্ষেত্র চিহ্নিত করে নমুনায়নের মাধ্যমে মাঠ পর্যায়ে নিরীক্ষা সমাপনান্তে রিপোর্টটি প্রস্তুত করা হয়েছে।

**অডিটি প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য:**

প্রতিষ্ঠান পরিচিতি:

(ক). মন্ত্রণালয়/বিভাগঃ

- ২০০২ সালে ''বিজ্ঞান ও প্রযুক্তি'' মন্ত্রণালয় নাম পরিবর্তন করে ''বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়'' নাম ধারণ করে। আইটি সেক্টরের কাজকে তরান্বিত করতে ৩০ এপ্রিল ২০১১ খ্রিঃ তারিখে বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ গঠন করা হয়। ৪ ডিসেম্বর ২০১১ খ্রিঃ তারিখে এই বিভাগকে তথ্য ও যোগাযোগ মন্ত্রণালয়ে উন্নীত করা হয়। তথ্য প্রযুক্তির গতি আরও বেগবান ও সমন্বিত করার লক্ষ্যে সরকার ১০ ফেব্রুয়ারি ২০১৪ খ্রিঃ তারিখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় এবং ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়কে একীভূত করে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সৃষ্টি করে। তার অধীনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগ গঠন করে। পরিবর্তনশীল আধুনিক বিশ্বের সাথে তাল মিলাতে আগ্রহী বাংলাদেশ সরকার এবং উচ্চ-নীতি-নির্ধারণকারীগণ আইসিটির গুরুত্বকে অনুধাবন করেই দেশের এই পরিবর্তনে প্রধান ভূমিকা পালন করেন। এই পরিবর্তন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের কার্যক্রমে নতুন উদ্দীপনা যোগ করেছে।

(খ). প্রকল্পঃ

- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ সরকারের গুরুত্বপূর্ণ বিভাগসমূহের মধ্যে অন্যতম। প্রাপ্ত সম্পদের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে সকল জনগণের জীবনযাত্রার মান উন্নয়নই হচ্ছে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির মূল লক্ষ্য। বাংলাদেশের সংবিধান (অনুচ্ছেদ-১৫) অনুযায়ী পরিকল্পিত উন্নয়নের মাধ্যমে দেশের সকল অঞ্চলের সকল নাগরিকের দ্রুত জীবনযাত্রার মান উন্নয়ন নিশ্চিত করা রাষ্ট্রীয় দায়িত্বের অন্তর্ভুক্ত।

- আধুনিক তথ্য প্রযুক্তির যুগে অনেক উন্নয়নশীল দেশ তাদের দারিদ্র, প্রশাসনিক জটিলতা, অর্থনৈতিক উন্নয়নের মন্থরগতি প্রভৃতি দূরীকরণের জন্য আইটি খাতকে সর্বাধিক গুরুত্ব দিয়ে এর সম্প্রসারণ ও আইসিটির ব্যবহার জনগণের নাগালের মধ্যে আনার জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। এছাড়া উন্নত দেশসমূহ ইতোমধ্যে আইসিটি এর সফল ব্যবহার ও প্রয়োগের মাধ্যমে তাদের সকল ক্ষেত্রে কাঙ্ক্ষিত উন্নতি অর্জন করতে সক্ষম হয়েছে। বাংলাদেশ ''ভিশন ২০২১'' অর্জনের জন্য আইসিটি সেক্টরকে বিশেষ গুরুত্ব দিয়েছে। বর্তমান সরকারের অঙ্গীকার ''ডিজিটাল বাংলাদেশ'' প্রতিষ্ঠার লক্ষ্যে ইতোমধ্যে সরকারের বিভিন্ন সংস্থা ই-গভর্নেন্স বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করেছে। ইতোমধ্যে বাংলাদেশ অন-লাইন আউটসোর্সিং এর ক্ষেত্রে বিশ্বের দৃষ্টি আকর্ষণ করতে সক্ষম হয়েছে। আইসিটি বিষয়ে ন্যূনতম প্রশিক্ষণ প্রদান করা হলে আউটসোর্সিং এর ক্ষেত্রে বড় ধরণের সাফল্য আসবে। জাতীয় পর্যায়ে এবং ইউনিয়ন পর্যন্ত তৃণমূল পর্যায়ে বেসিক আইসিটি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হলে ঘরে বসেই প্রশিক্ষণ প্রাপ্ত জনবল আউটসোর্সিং এর মাধ্যমে বিপুল পরিমাণ অর্থ উপার্জন করতে সক্ষম হবে। এর ফলে ব্যাপকভাবে কর্মসংস্থান সৃষ্টি হবে এবং আইসিটি সেক্টরে আউটসোর্সিং এর ক্ষেত্রে আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশ একটি গুরুত্বপূর্ণ বাজারে পরিণত হবে।

- এই প্রেক্ষিতে আইসিটি খাতে ফ্রিল্যান্সিং/আউটসোর্সিং এর সম্ভাবনাকে কাজে লাগানোর জন্য (১) ''লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট (২য় সংশোধিত)'' প্রকল্প এবং (২) ''মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (২য় সংশোধিত)'' শীর্ষক প্রকল্পের সাহায্যে বিভিন্ন এ্যাপস তৈরী ও প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে মোবাইল নেটওয়ার্কিং সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দিয়ে দ্রুত নাগরিক সেবা নিশ্চিত করার লক্ষ্যে বাস্তবায়নের কাজ গৃহীত হয়েছে।

**প্রতিষ্ঠানের অর্গানোগ্রাম :**

তথ্য প্রযুক্তিতে বাংলাদেশকে বিশ্বের ই-বাজার কার্যক্রমে প্রতিষ্ঠিত করতে বাংলাদেশ সরকারের বাস্তবায়নাধীন দুটি প্রকল্প যথাক্রমে- (১) ''লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট (২য় সংশোধিত)'' প্রকল্প এবং (২) ''মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (২য় সংশোধিত)'' শীর্ষক প্রকল্প ডিপিপিতে বর্ণিত অনুমোদিত লোকবল অনুযায়ী নিয়োজিত করে বাস্তবায়িত হচ্ছে।

**প্রতিষ্ঠানের কার্যাবলী :**

(১) ''লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট (২য় সংশোধিত)'' প্রকল্প এবং

(২) ''মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (২য় সংশোধিত)'' শীর্ষক প্রকল্প :

- ''ই-গভর্নমেন্ট'', ই-ইনফ্রাস্ট্রাকচার বাস্তবায়নের মাধ্যমে বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থাকে সহায়তা প্রদান;
- জনগণের দোরগোড়ায় আইসিটি সেবা পৌঁছানোর জন্য প্রচারকার্য পরিচালনা;
- আইসিটি বিভাগের জন্য বিভিন্ন আইন, নীতিমালা, কৌশল ইত্যাদি প্রণয়ন;
- আইসিটি সেবাকে ব্যবসায়িকভাবে লাভবান করার জন্য একটি গাইডলাইন (রোডম্যাপ) তৈরী করা;
- আইসিটি বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থার মধ্যে সমন্বয় সাধন;
- ডিজিটাল বাংলাদেশ টাস্কফোর্সের সুপারিশসমূহ বাস্তবায়ন করা;
- সার্ভে ডিজাইন, গবেষণা ইত্যাদির মাধ্যমে বিভিন্ন কার্যক্রম হালনাগাদ করে প্রচার করা; এবং
- আন্তর্জাতিক অঙ্গনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নয়ন সংক্রান্ত যে কোন কার্যক্রমে বাংলাদেশকে সম্পৃক্তকরণের উদ্যোগ গ্রহণ।

ক. ভিশনঃ

ডিজিটাল বাংলাদেশ গড়ার জন্য তথ্য প্রযুক্তির প্রসার, দক্ষ জনবল ও উদ্যোক্তা তৈরী এবং তথ্য প্রযুক্তি খাতকে বাংলাদেশে বৈদেশিক মুদ্রা অর্জনকারী গুরুত্বপূর্ণ খাত হিসেবে প্রতিষ্ঠা করা।

খ. মিশনঃ

তৃণমূল পর্যায়ে নির্ভরযোগ্য সাইবার অভিগমন, তথ্যপ্রযুক্তি সমৃদ্ধ মানবসম্পদ উন্নয়ন, আইটি শিল্পের রপ্তানীমুখী বিকাশ এবং জনবান্ধব আইটি প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে সুখী সমৃদ্ধ সোনার বাংলা প্রতিষ্ঠা।

## প্রতিষ্ঠানের Key Performance Indicators:

| নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্য মেয়াদী লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৮-১৯ | | ২০১৯-২০ | | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. ই-সেবা ব্যবহার বৃদ্ধি | ১,৪ | সুবিধাভোগীর সংখ্যা (কোটি) | ১৫ | ৩.৯২ | ১৬ | ১০ | ১২.৫ | ১৫ | ১৭ |
| ২. তথ্য প্রযুক্তি রপ্তানি বৃদ্ধি | ২,৩,৪ | বিলিয়ন টাকা | ৪৫ | ৪৬ | ৪৬ | ৫২ | ৮৫ | ১৭০ | ২১২ |
| ৩. ব্রডব্যান্ড কানেক্টিভিটি সম্প্রসারণ | ১ | ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা (মিলিয়ন) | ৮০ | ৯৬.২০ | ৯০ | ৯৭ | ৯৮ | ৯৯ | ১০০ |
| ৪. আইটি স্কিল/ ফ্রিল্যান্সার প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃজন | ২ | সংখ্যা হাজার | ৭০ | ৩০০ | ২০০ | ৩১০ | ৩৫০ | ৪০০ | ৪৫০ |

**প্রতিষ্ঠানের বাজেট ও ব্যয় বিশ্লেষণ :**

১ (ক) (১) ''লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট (২য় সংশোধিত)'' প্রকল্প এবং (২) ''মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (২য় সংশোধিত)'' শীর্ষক প্রকল্প- এর ২০১৯-২০২০ অর্থ বছরের মঞ্জুরি ও বরাদ্দ দাবিঃ

| ক্রমিক | বিবরণ এবং অফিস কোড | বাজেট | সংশোধিত বাজেট বরাদ্দ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ''লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট (২য় সংশোধিত)'' শীর্ষক প্রকল্প-২২৪০২২১০০। | ১০০,০০,০০,০০০ | ২৫,০০,০০,০০০ | প্রকৃত বাজেট অপেক্ষা সংশোধিত বাজেট ৫৩.১৯% হ্রাস পেয়েছে। |
| ২ | ''মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (২য় সংশোধিত)'' শীর্ষক প্রকল্প-২২৪০২২৭০০। | ৮৮,০০,০০,০০০ | ৬৩,০০,০০,০০০ | |
| | মোট: | ১৮৮,০০,০০,০০০ | ৮৮,০০,০০,০০০ | |

[তথ্য সূত্র: সংশোধিত বাজেট ২০১৯-২০২০ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ]

১ (খ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ''লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট (২য় সংশোধিত)'' শীর্ষক প্রকল্প এবং ''মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (২য় সংশোধিত)'' শীর্ষক প্রকল্প ২০১৯-২০২০ অর্থ বছরের প্রকৃত ব্যয় ও সংশোধিত বরাদ্দ দাবি।

| ক্রমিক | প্রকল্পের নাম এবং অফিস কোড | সংশোধিত বাজেট বরাদ্দ | প্রকৃত ব্যয় | শতকরা হার (%) |
|---|---|---|---|---|
| ১ | ''লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট (২য় সংশোধিত)'' শীর্ষক প্রকল্প-২২৪০২২১০০। | ২৫,০০,০০,০০০ | ২৪,৬৬,২১,৮০০ | ৯৮.৬৫ |
| ২ | ''মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (২য় সংশোধিত)'' শীর্ষক প্রকল্প-২২৪০২২৭০০। | ৬৩,০০,০০,০০০ | ৬১,৯১,৫৪,০০০ | ৯৮.২৮ |
| | সর্বমোট= | ৮৮,০০,০০,০০০ | ৮৬,৫৭,৭৫,৮০০ | ৯৮.৩৮ |

[তথ্য সূত্র: প্রকল্প পরিচালক কর্তৃক সরবরাহকৃত আইএমইডি রিপোর্ট জুন/২০২০]

(২) ''লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট (২য় সংশোধিত)'' প্রকল্প

ক. অর্থনৈতিক কোড ও ব্যয় ভিত্তিক ঝুঁকি বিশ্লেষণ

| ক্রমিক | অর্থনৈতিক কোড | ব্যয় | মোট ব্যয়ের শতকরা হার (%) | ঝুঁকি লেভেল | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ৩১১- বেতন ও ভাতাদি | ১৯,৯৯,১০০ | ০.৮১ % | নিম্ন | বেতন-ভাতা সিএএফও অফিস হতে পাস করা হয় এবং একটি নির্দিষ্ট নিয়মে প্রদান করা হয়। |
| ২ | ৩২১- প্রশাসনিক ব্যয় | ৭,১০,২৭,৯০০ | ২৮.৮০ % | উচ্চ | সরকারি নিয়ম-কানুন প্রতিপাদনে সীমাবদ্ধতা রয়েছে। |
| ৩ | ৩২২- ফি, চার্জ ও কমিশন | ২১,০০,৫০০ | ০.৮৫ % | নিম্ন | ব্যয়ের পরিমাণ স্বাভাবিক। |
| ৪ | ৩২৩- প্রশিক্ষণ | ১৬,০২,১৬,২০০ | ৬৪.৯৬ % | উচ্চ | সরকারি নিয়ম-কানুন প্রতিপাদনে সীমাবদ্ধতা রয়েছে। |
| ৫ | ৩২৪- পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট | ১০,৮৮,৮০০ | 0.88 % | নিম্ন | ব্যয়ের পরিমাণ স্বাভাবিক। |
| ৬ | ৩২৫- মুদ্রণ ও মনিহারী | ৯,৯৮,০০০ | ০.৪০ % | নিম্ন | ব্যয়ের পরিমাণ স্বাভাবিক। |
| | ৩২৫- পেশাগত সেবা ও সম্মানী | ৫৯,২২,৬০০ | ২.৪০ % | মধ্যম | সরকারি নিয়ম-কানুন প্রতিপাদনে সীমাবদ্ধতা রয়েছে। |
| | ৩২৫- মেরামত ও সংরক্ষণ | ২৩,৭৬,৮০০ | ০.৯৬% | মধ্যম | সরকারি নিয়ম-কানুন প্রতিপাদনে সীমাবদ্ধতা রয়েছে। |
| ৭ | ৪১১- যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ৮,৯১,৯০০ | ০.৩৬ % | মধ্যম | মূল্য ও খরচের ধরণ |
| | মোট: | ২৪,৬৬,২১,৮০০ | ১০০ % | - | - |

[তথ্য সূত্র: সিএএফও/তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক সরবরাহকৃত সিএও-৪ রিপোর্ট]

(৩) ''মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (২য় সংশোধিত)'' শীর্ষক প্রকল্প

ক. অর্থনৈতিক কোড ও ব্যয় ভিত্তিক ঝুঁকি বিশ্লেষণ:

| ক্রমিক | অর্থনৈতিক কোড | ব্যয় | মোট ব্যয়ের শতকরা হার (%) | ঝুঁকি লেভেল | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ৩১১- বেতন ও ভাতাদি | ৪৩,০০,০০০ | ০.৬৯ % | নিম্ন | বেতন-ভাতা সিএএফও অফিস হতে পাস করা হয় এবং একটি নির্দিষ্ট নিয়মে প্রদান করা হয়। |
| ২ | ৩২১- প্রশাসনিক ব্যয় | ৫০,১৮,০০০ | ০.৮১ % | নিম্ন | প্রশাসনিক ব্যয় সিএএফও অফিস হতে পাস করা হয় এবং একটি নির্দিষ্ট নিয়মে প্রদান করা হয়। |
| | ৩২১- মোবাইল গেইম এ্যাপস্ ডেভেলপমেন্ট | ২৫,৭৫,৩৯,০০০ | ৪১.৬০ % | উচ্চ | সরকারি নিয়ম-কানুন প্রতিপাদনে সীমাবদ্ধতা রয়েছে। |
| ৩ | ৩২৩- প্রশিক্ষণ | ৩৩,৭২,৪৫,০০০ | ৫৪.৪৭ % | উচ্চ | সরকারি নিয়ম-কানুন প্রতিপাদনে সীমাবদ্ধতা রয়েছে। |
| ৪ | ৩২৪- ভ্রমণ ও পরিবহন | ১২,০৭,০০০ | ০.২০ % | মধ্যম | সরকারি নিয়ম-কানুন প্রতিপাদনে সীমাবদ্ধতা রয়েছে। |
| ৫ | ৩২৫- সরবরাহ, উপকরণ এবং সাধারণ ব্যয় | ৩৯,০৯,০০০ | ০.৬৩ % | মধ্যম | ব্যয়ের পরিমাণ স্বাভাবিক। |
| | ৩২৫- কনসালটেন্সি | ৪৯,৬৭,০০০ | ০.৮০ % | উচ্চ | সরকারি নিয়ম-কানুন প্রতিপাদনে সীমাবদ্ধতা রয়েছে। |
| ৬ | ৪১১- স্থায়ী সম্পদ | ৪৯,৬৯,০০০ | ০.৮০ % | মধ্যম | মূল্য ও খরচের ধরণ |
| | মোট: | ৬১,৯১,৫৪,০০০ | ১০০ % | - | - |

[তথ্য সূত্র: সিএএফও/তথ্য যোগাযোগ ও প্রযুক্তি বিভাগ কর্তৃক সরবরাহকৃত সিএও-৪ রিপোর্ট]

**অডিটের আইনগত ভিত্তি:** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮(১) অনুযায়ী এই অডিট পরিচালনা করা হয়েছে।

**অডিটের পরিধি:** ২০১৯-২০২০ অর্থ বছরের বেতন ও ভাতাদি, প্রশাসনিক ব্যয়, প্রশিক্ষণ, ফি, চার্জ ও কমিশন, পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট, মুদ্রণ ও মনিহারী, পেশাগত সেবা ও সম্মানী (কনসালটেন্সি), মেরামত ও সংরক্ষণ, যন্ত্রপাতি ও সরঞ্জামাদি (স্থায়ী সম্পদ), ভ্রমণ ও পরিবহন, সরবরাহ, উপকরণ এবং সাধারণ ব্যয় অডিটের আওতায় নেয়া হয়েছে।

**অডিট প্লানিং ও অডিট পরিচালনা সংক্রান্ত তথ্য :**

অডিটের বিষয়বস্তু:

(১) '' লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট (২য় সংশোধিত)'' শীর্ষক প্রকল্পের ২০১৯-২০২০ অর্থ বছরের ব্যয়।

(২) ''মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (২য় সংশোধিত)'' শীর্ষক প্রকল্পের ২০১৯-২০২০ অর্থ বছরের ব্যয়।

অডিট কৌশল:

ইস্যুভিত্তিক কমপ্লায়েন্স অডিট নিম্নলিখিত নির্ণায়কসমূহ নিরীক্ষাকালে অনুসরণ করা হয়েছে:

| ইস্যু: | বিষয়: | বিষয় সম্পর্কিত তথ্য: | নির্ণায়কসমূহ: |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ইস্যু-১ | প্রকল্প নিরীক্ষা | প্রকল্পের আয়-ব্যয় বিবরণী, লক্ষ্য, উদ্দেশ্য এবং অগ্রগতি | প্রকল্পের ডিপিপি/ আরডিপিপি/ টিপিপি, কন্ট্রাক্ট ডকুমেন্ট, আইএমইডি'র মূল্যায়ন এবং আর্থিক ক্ষমতা অর্পণ-২০১৫। |
| ইস্যু-২ | ব্যয় নিরীক্ষা | পর্যাপ্ত বরাদ্দ, ব্যয় এবং হিসাব | পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট রুলস-২০০৮, আর্থিক ক্ষমতা অর্পণ-২০১৫ । |
| ইস্যু-৩ | বেতন ভাতা | মাসিক বেতন বিল, বেতন নির্ধারণ কপি, চাকুরী বহি প্রভৃতি | জাতীয় পে-স্কেল-২০১৫, বিএসআর ও অন্যান্য সম্পৃক্ত আদেশ। |
| ইস্যু-৪ | সরবরাহ ও সেবা | এপিপি, চাহিদা পত্র, দরপত্র দলিল, ক্রয়-আদেশ, পরিশোধিত বিল-ভাউচার, বিল রেজিস্টার, মজুদ ও বিতরণ রেজিস্টার প্রভৃতি। | পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট রুলস-২০০৮, টি আর, জিএফআর, এবং আর্থিক ক্ষমতা অর্পণ-২০১৫ । |
| ইস্যু-৫ | মেরামত | | |
| ইস্যু-৬ | সম্পদ সংগ্রহ, ক্রয় ও সম্পদ সংরক্ষণ, বিতরণ এবং ব্যবস্থাপনা | | |
| ইস্যু-৭ | আদায়, জমা ও IT/VAT কর্তন। | আদায় সংক্রান্ত রিসিভ/রেজিস্টার এবং খরচের ভাউচার/বিবরণী | আদায় ও খরচ সংক্রান্ত নীতিমালা, বিভিন্ন চুক্তিপত্র ও এনবিআর এর IT/VAT কর্তন সংক্রান্ত সার্কুলার। |

অডিট সময়কাল:

অডিট ইস্যুঃ (ক) ''লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট (২য় সংশোধিত)'' প্রকল্প, আগারগাঁও, ঢাকা।
০৭/১০/২০২০ খ্রিঃ হতে ১৫/১০/২০২০ খ্রিঃ পর্যন্ত ।

অডিট ইস্যু : (খ) ''মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (২য় সংশোধিত)'' প্রকল্প, আগারগাঁও, ঢাকা।
১৩/০৯/২০২০ খ্রিঃ হতে ০৮/১০/২০২০ খ্রিঃ পর্যন্ত।

# নির্বাহী সারসংক্ষেপ

আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরের নিরীক্ষার আওতাধীন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের (১) লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্প এবং (২) মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্প এর ২০১৯-২০২০ অর্থ বছরের বাজেট বরাদ্দের (মঞ্জুরি নম্বর-২৫) বিপরীতে সম্পাদিত কাজের রেকর্ডপত্র ও নমুনা সংগ্রহের মাধ্যমে পরিকল্পনা প্রণয়নপূর্বক অডিট করা হয়।

নিরীক্ষাকালে বেশ কিছু আর্থিক অনিয়ম ও বিধি-বিধানের লঙ্ঘন পরিলক্ষিত হয়েছে। মূলত: প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা ও আর্থিক বিধি-বিধান পরিপালন না করার কারণে এই অডিট অনুচ্ছেদসমূহ উত্থাপিত হয়েছে। অনিষ্পন্ন অডিট অনুচ্ছেদগুলোর মধ্য হতে গুরুতর আর্থিক অনিয়ম (SFI) সংক্রান্ত অনুচ্ছেদসমূহ এই রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়েছে।

এই রিপোর্টে ০৬টি অডিট অনুচ্ছেদ উত্থাপন করা হয়েছে এবং এতে জড়িত টাকার পরিমাণ ২,৫৭,০১,৫১০ (দুই কোটি সাতান্ন লক্ষ এক হাজার পাঁচশত দশ) টাকা যা মোট বরাদ্দের ২.৯২% [(মোট বরাদ্দ ৮৮,০০,০০,০০০) (১) লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্প ২৫,০০,০০,০০০ এবং (২) মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্প-৬৩,০০,০০,০০০]। প্রকল্পসমূহের দুর্বল অর্থ ব্যয় ব্যবস্থাপনার কারণে আর্থিক অনিয়মসমূহ সংঘটিত হয়েছে।

নিরীক্ষিত প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ, সরকারি অর্থ আদায়ে ও ব্যয়ে প্রচলিত বিধি-বিধান পরিপালন, একই ধরনের অনিয়মের পুনরাবৃত্তি না ঘটা এবং পূর্ববর্তী নিরীক্ষার সুপারিশসমূহ বাস্তবায়ন করা বিষয়ে কর্তৃপক্ষের মনোনিবেশ করার প্রয়োজনীয়তা এই অডিট রিপোর্টে প্রতিফলিত হয়েছে।

# শব্দ সংক্ষেপ

| | |
|---|---|
| VAT | Value Added Tax |
| DG | Director General |
| DPP | Development Project Proforma |
| IT | Income Tax |
| NOA | Notification of Award |
| TEC | Tender Evaluation Committee |
| RDPP | Revised Development Project Proforma |
| RFQM | Request for Quotation Method |
| TOC | Tender Opening Committee |

# অধ্যায়-২

# অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ

| অনুচ্ছেদ নম্বর | শিরোনাম | জড়িত (টাকা) |
|---|---|---|
| ০১ | ভার্চুয়াল প্রশিক্ষণে অযৌক্তিক Training Materials ব্যয় বাবদ ৮৭,২৩,৪২৫ (সাতাশি লক্ষ তেইশ হাজার চারশত পঁচিশ) টাকা ক্ষতি | ৮৭,২৩,৪২৫ |
| ০২ | মূল চুক্তিতে প্রশিক্ষণ সামগ্রীর মূল্য অন্তর্ভুক্ত থাকা সত্ত্বেও চুক্তির অতিরিক্ত প্রশিক্ষণ সামগ্রী ক্রয় করায় ৫৪,৪৫,০০০ (চুয়ান্ন লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা ক্ষতি | ৫৪,৪৫,০০০ |
| ০৩ | ভার্চুয়াল প্রশিক্ষণে অযৌক্তিক Training Venue/Training Lab/ Computer Lab Rent বাবদ অর্থ পরিশোধ করায় ৫৩,৭৭,০২৭ (তিপ্পান্ন লক্ষ সাতাত্তর হাজার সাতাশ) টাকা ক্ষতি | ৫৩,৭৭,০২৭ |
| ০৪ | Head Coach (Local) কনসালটেন্টকে RDPP মোতাবেক প্রাপ্য সম্মানীর অতিরিক্ত অর্থ পরিশোধ করায় ৩২,৩১,২৫০ (বত্রিশ লক্ষ একত্রিশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা ক্ষতি | ৩২,৩১,২৫০ |
| ০৫ | সরকার কর্তৃক ঘোষিত কোভিড-১৯ জনিত সাধারণ ছুটিকালীন অনলাইন প্রশিক্ষণ ব্যয় বাবদ অনিয়মিতভাবে ১৩,৯৪,৯৩৬ (তেরো লক্ষ চুরানব্বই হাজার নয়শত ছত্রিশ) টাকা অতিরিক্ত পরিশোধ | ১৩,৯৪,৯৩৬ |
| ০৬ | ভার্চুয়াল প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীদের নাস্তা (Refreshment) ব্যয়ের নামে বাস্তবতা বিবর্জিত ১৫,২৯,৮৭২ (পনেরো লক্ষ উনত্রিশ হাজার আটশত বাহাত্তর) টাকা ক্ষতি | ১৫,২৯,৮৭২ |
| | সর্বমোট= | ২,৫৭,০১,৫১০ |
| | কথায়: দুই কোটি সাতান্ন লক্ষ এক হাজার পাঁচশত দশ টাকা | |

# অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ

**শিরোনাম:** ভার্চুয়াল প্রশিক্ষণে অযৌক্তিক **Training Materials** ব্যয় বাবদ ৮৭,২৩,৪২৫ (সাতাশি লক্ষ তেইশ হাজার চারশত পঁচিশ) টাকা ক্ষতি।

**বিবরণ:**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর অধীন "লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট (২য় সংশোধিত)- শীর্ষক প্রকল্পের" ২০১৯-২০২০ অর্থ বছরে ভার্চুয়াল প্রশিক্ষণে অযৌক্তিক Training Materials ব্যয় বাবদ ৮৭,২৩,৪২৫ টাকা ক্ষতি।

মঞ্জুরি নং-২৫ এর আওতায় প্রকল্পের বরাদ্দ সংশ্লিষ্ট অর্থনৈতিক কোড : ৩২৩১২০১-প্রশিক্ষণ ব্যয় খাতের টেন্ডার সংক্রান্ত নথিপত্র ও বিল-ভাউচার যাচাইয়ে দেখা যায় যে, উক্ত প্রকল্পের আওতায় জেলা/উপজেলা পর্যায়ে ৪০,০০০ জন প্রশিক্ষণার্থীকে ৫০ দিন ব্যাপী (২০০ ঘন্টা) স্বশরীরে প্রশিক্ষণ ল্যাবে "Professional Outsourcing Training and Employment Services for IT/ITES Industry" শীর্ষক প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত ১৫টি লটের জন্য ১৫টি ভেন্ডর প্রতিষ্ঠানকে যোগ্য বিবেচনা করা হয়। নির্বাচিত ভেন্ডর প্রতিষ্ঠানসমূহের সাথে সম্পাদিত চুক্তিপত্রের সাথে সংযুক্ত Breakdown of Reimbursable Expenses-এর মধ্যে Training Materials Cost (Book, Note Pad, Pen, Lecture Sheet etc.) উল্লেখ ছিল। চুক্তি মোতাবেক প্রশিক্ষণ কার্যক্রম স্বশরীরে সম্পন্ন হওয়ার কথা থাকলেও বৈশ্বিক মহামারী করোনা (Covid-19)-এর কারণে পরবর্তীতে উক্ত প্রশিক্ষণ ভার্চুয়াল প্লাটফর্মে প্রদান করা হয়। চুক্তি মোতাবেক প্রশিক্ষণ সম্পন্ন হওয়ার পর প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ চুক্তিমূল্যের ৪০% বিল দাখিল করে। যার মধ্যে Training Materials Cost (Book, Note Pad, Pen, Lecture Sheet etc.) বাবদ খরচ ৮৭,২৩,৪২৫ টাকা অন্তর্ভুক্ত ছিল এবং প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক যথারীতি উক্ত বিল পরিশোধ করা হয়। যেহেতু উক্ত প্রশিক্ষণসমূহ ভার্চুয়াল প্লাটফর্মে সম্পন্ন করা হয়েছে, সেহেতু প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহকে Training Materials Cost বাবদ কোন অর্থ পরিশোধের সুযোগ নেই। ফলে, ভার্চুয়াল প্রশিক্ষণে অযৌক্তিক Training Materials ব্যয় বাবদ ৮৭,২৩,৪২৫ টাকা ক্ষতি হয়েছে। বিস্তারিত বিবরণ পরিশিষ্ট "ক-ক/১-২"তে উল্লেখ করা হলো।

**অনিয়মের কারণ:**

জেনারেল ফিন্যান্সিয়াল রুলস্ এর বিধি ১০(২) ও (৫) লঙ্ঘন।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব:**

১৫-১০-২০২০ খ্রিঃ তারিখে জবাবে জানানো হয় যে, করোনা মহামারি পরিস্থিতির কারণে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট প্রকল্পের Professional Outsourcing Training সরাসরি প্রশিক্ষণ ল্যাবে অনুষ্ঠানের পরিবর্তে অনলাইনে ভার্চুয়াল প্লাটফর্মে অনুষ্ঠিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। বিগত ১৭-০৫-২০২০ তারিখে আইসিটি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী অনলাইনে উক্ত প্রশিক্ষণ কার্যক্রমের উদ্বোধন করেন। অনলাইনে প্রশিক্ষণ কার্যক্রম শুরু করার কারণে পরবর্তীতে সরাসরি প্রশিক্ষণ ল্যাবে এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হচ্ছেনা। প্রকল্পের ডিপিপি মোতাবেক কোন প্রশিক্ষণ ব্যাচের ১০০ ঘন্টা প্রশিক্ষণ সম্পন্ন হলে সেই ব্যাচের জন্য নির্ধারিত মোট বিলের ৪০% বিল প্রদানের বিধান আছে। বিগত ৩০ জুন ২০২০ খ্রিঃ পর্যন্ত প্রশিক্ষণের ২০০০ ব্যাচের মধ্যে সর্বমোট ৬৪৮টি ব্যাচের ১০০ ঘন্টা প্রশিক্ষণ সম্পন্ন হয়। উক্ত ৬৪৮টি ব্যাচের জন্য নির্ধারিত মোট বিলের ৪০% বিল পরিশোধ করা হয়েছে। বাকি ৬০% বা ফাইনাল বিল পরিশোধ করা হয়নি। ফাইনাল বিল পরিশোধের সময় Logistic Cost/Training Materials Cost (Book, Note Pad, Pen, Lecture Sheet etc.) বাবদ ধার্যকৃত অর্থ এবং অন্যান্য সকল আনুষঙ্গিক অর্থ যা অনলাইন প্রশিক্ষণে ব্যবহৃত হয়নি, তা কর্তন করে চূড়ান্ত বিল পরিশোধ করা হবে। স্মারক নং-৮২.১৪.২৬০০.১০১.৯২.১৮৫.২০.৬৯৬ তারিখ: ০৮-১১-২০২০ খ্রি: এর মাধ্যমে সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় বরাবর এআইআর জারী করা হলেও অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা মন্তব্য:**

জবাব স্বীকৃতিমূলক। প্রশিক্ষণসমূহ যেহেতু ভার্চুয়াল প্লাটফর্মে অনুষ্ঠিত হয়েছিল সে কারণে ৪০% বিল হতে Training Materials ব্যয় বাবদ ৮৭,২৩,৪২৫ টাকা কর্তন করে অবশিষ্ট টাকা পরিশোধ করা প্রয়োজন ছিল। কিন্তু আলোচ্য ক্ষেত্রে Training Materials বাবদ ব্যয় না হলেও যোগসাজশের মাধ্যমে উক্ত ব্যয়ের বিল পরিশোধ করা হয়েছে অর্থাৎ Infructuous Expenditure হয়েছে, যা গুরুতর আর্থিক অনিয়ম।

**নিরীক্ষার সুপারিশ :**

জড়িত অর্থ অতিসত্বর আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ : ০২

**শিরোনাম:** মূল চুক্তিতে প্রশিক্ষণ সামগ্রীর মূল্য অন্তর্ভুক্ত থাকা সত্ত্বেও চুক্তির অতিরিক্ত প্রশিক্ষণ সামগ্রী ক্রয় করায় ৫৪,৪৫,০০০ (চুয়ান্ন লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা ক্ষতি।

**বিবরণ:**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর অধীন "লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট (২য় সংশোধিত)- শীর্ষক প্রকল্প"-এর ২০১৯-২০২০ অর্থ বছরে মূল চুক্তিতে প্রশিক্ষণ সামগ্রীর মূল্য অন্তর্ভুক্ত থাকা সত্ত্বেও চুক্তির অতিরিক্ত প্রশিক্ষণ সামগ্রী ক্রয় করায় ৫৪,৪৫,০০০ টাকা ক্ষতি।

মঞ্জুরি নং-২৫ এর আওতায় প্রকল্পের বরাদ্দ সংশ্লিষ্ট অর্থনৈতিক কোডঃ ৩২৩১২০১- "প্রশিক্ষণ ব্যয়" খাতের টেন্ডার সংক্রান্ত নথিপত্র ও বিল-ভাউচার যাচাইয়ে দেখা যায় যে, উক্ত প্রকল্পের আওতায় সারাদেশে জেলা/উপজেলা পর্যায়ে ৪০,০০০ জন প্রশিক্ষণার্থীকে ৫০দিন ব্যাপী (২০০ ঘন্টা) "Professional Outsourcing Training and Employment Services for IT/ITES Industry" শীর্ষক প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত ১৫টি লটের জন্য ১৫টি ভেন্ডর প্রতিষ্ঠানকে যোগ্য বিবেচনা করা হয়। নির্বাচিত ভেন্ডর প্রতিষ্ঠানসমূহের সাথে সম্পাদিত চুক্তিপত্রের সাথে সংযুক্ত Breakdown of Reimbursable Expenses-এর মধ্যে বিভিন্ন প্রশিক্ষণ সামগ্রী (নোট বুক, কলম ও ফোল্ডার) সরবরাহ বাবদ মূল্য অন্তর্ভুক্ত রয়েছে। এতদসত্ত্বেও প্রকল্প পরিচালক কর্তৃক পৃথকভাবে প্রতিটি ভাউচারে ৪,৯৫,০০০ টাকা করে মোট ১১টি বিলের মাধ্যমে সর্বমোট ৫৪,৪৫,০০০ টাকার প্রশিক্ষণ সামগ্রী চুক্তির অতিরিক্ত ক্রয় করা হয়েছে। ফলে মূল চুক্তিতে প্রশিক্ষণ সামগ্রীর মূল্য অন্তর্ভুক্ত থাকা সত্ত্বেও চুক্তির অতিরিক্ত প্রশিক্ষণ সামগ্রী ক্রয় করায় ৫৪,৪৫,০০০ টাকা ক্ষতি হয়েছে। বিস্তারিত বিবরণ পরিশিষ্ট "খ "-তে উল্লেখ করা হলো।

**অনিয়মের কারণ :** জেনারেল ফিন্যান্সিয়াল রুলস্ এর বিধি ১০(২) ও (৫) লঙ্ঘন।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব:**

১৫-১০-২০২০ খ্রিঃ তারিখে জবাবে জানানো হয় যে, প্রকল্পের বরাদ্দ সংশ্লিষ্ট অর্থনৈতিক কোডঃ ৩২৩১২০১- "প্রশিক্ষণ ব্যয়" খাত হতে আরএফকিউ (RFQ) পদ্ধতিতে প্রতিটি ভাউচারে ৪,৯৫,০০০ টাকা করে প্রকল্পের প্রফেশনাল আউটসোর্সিং প্রশিক্ষণের জন্য সর্বমোট ৫৪,৪৫,০০০ টাকার মনিহারী মালামাল (Note Pad, Folder, Branding Pen) ক্রয় করা হয়েছে। প্রকল্প কার্যালয়ে মালামাল রাখার জন্য নিজস্ব স্টোর রুম না থাকার কারণে উক্ত মনিহারি মালামালসমূহ প্রফেশনাল আউটসোর্সিং প্রশিক্ষণ প্রদানের জন্য নির্বাচিত ১৫টি লটের প্রদত্ত ঠিকানা বরাবর তাদের প্রশিক্ষণার্থীর সংখ্যার অনুপাতে প্রেরণ করার জন্য কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে প্রকল্প কার্যালয়ের ২৯-০১-২০২০ খ্রিঃ তারিখের পত্র মূলে নির্দেশ প্রদান করা হয়। তাঁরা যথাসময়ে ১৫টি লটের ১৫টি ঠিকানায় উক্ত মনিহারি সামগ্রী পৌঁছে দেয় এবং ১৫টি লটের সকল ভেন্ডর প্রতিষ্ঠান তাদের নিজস্ব প্যাডে উক্ত মনিহারি সামগ্রীসমূহ প্রাপ্তি স্বীকারপত্র প্রকল্প কার্যালয়ে প্রেরণ করে। এখানে উল্লেখ্য, করোনা মহামারি পরিস্থিতির কারণে ১৭ মার্চ ২০২০ খ্রিঃ তারিখে সরাসরি প্রশিক্ষণের উদ্বোধন স্থগিত হওয়ায় এবং মার্চ মাসের শেষের দিকে সরকার কর্তৃক সাধারণ ছুটি ঘোষিত হওয়ায় সরাসরি প্রশিক্ষণ ল্যাবে Professional Outsourcing Training আর আয়োজন করা সম্ভব হয়নি। বিগত ১৭-০৫-২০২০ খ্রিঃ তারিখে আইসিটি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী অনলাইনে ভার্চুয়াল প্লাটফর্মে উক্ত প্রশিক্ষণ কার্যক্রম উদ্বোধন করেন। ফলে উক্ত প্রশিক্ষণ সামগ্রীসমূহ ১৫টি লটের কোন ভেন্ডর প্রতিষ্ঠান কর্তৃক ব্যবহার করা হয়নি, বিধায় প্রকল্প অফিসের ০৭-০৬-২০২০ খ্রিঃ তারিখের স্মারক পত্র মূলে অবিলম্বে ফেরত প্রদানের জন্য পত্র প্রেরণ করা হয়। উক্ত মালামালসমূহ ইতোমধ্যে তারা প্রকল্প কার্যালয়ে ফেরত প্রদান করেছে এবং আইসিটি ডিভিশনের করিডোরে বর্তমানে সাময়িকভাবে মজুদ রাখা আছে।

স্মারক নং-৮২.১৪.২৬০০.১০১.৯২.১৮৫.২০.৬৯৬ তারিখ: ০৮-১১-২০২০ খ্রি: এর মাধ্যমে সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় বরাবর এআইআর জারী করা হলেও অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা মন্তব্য:**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ, উক্ত প্রশিক্ষণ প্রদানের জন্য ১৫টি লটের ১৫টি ভেন্ডর প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তিপত্র মোতাবেক বর্ণিত প্রশিক্ষণ সামগ্রীসমূহ সংশ্লিষ্ট ভেন্ডর প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহ করার কথা। উক্ত প্রশিক্ষণ সামগ্রীসমূহের মূল্য সম্পাদিত চুক্তিপত্রে অন্তর্ভুক্ত রয়েছে এবং সংশ্লিষ্ট ভেন্ডর প্রতিষ্ঠানসমূহকে পরিশোধিত ৪০% বিলে উক্ত প্রশিক্ষণ সামগ্রীসমূহের মূল্য পরিশোধ করা হয়েছে। কাজেই, প্রকল্প পরিচালক কর্তৃক পুনরায় পৃথকভাবে প্রশিক্ষণ সামগ্রী অনিয়মিতভাবে ক্রয়পূর্বক সংশ্লিষ্ট ভেন্ডর প্রতিষ্ঠানসমূহের ঠিকানায় একবার প্রেরণ করা এবং পুনরায় প্রকল্প কার্যালয়ে ফেরত এনে আইসিটি ডিভিশনের করিডোরে ফেলে রাখা সরকারি অর্থের অপচয়/ক্ষতি ।

**নিরীক্ষার সুপারিশ :** জড়িত অর্থ অতিসত্বর আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ : ০৩

**শিরোনাম: ভার্চুয়াল প্রশিক্ষণে অযৌক্তিক Training Venue/Training Lab/Computer Lab Rent বাবদ অর্থ পরিশোধ করায় ৫৩,৭৭,০২৭ (তিপ্পান্ন লক্ষ সাতাত্তর হাজার সাতাশ) টাকা ক্ষতি।**

**বিবরণ:**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর আওতায় "লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট (২য় সংশোধিত)"- শীর্ষক প্রকল্পের ২০১৯-২০২০ অর্থ বছরে ভার্চুয়াল প্রশিক্ষণে অযৌক্তিক Training Venue/Training Lab/Computer Lab Rent বাবদ অর্থ পরিশোধ করায় ৫৩,৭৭,০২৭ টাকা ক্ষতি।

মঞ্জুরি নং-২৫ এর আওতায় প্রকল্পের বরাদ্দ সংশ্লিষ্ট অর্থনৈতিক কোডঃ ৩২৩১২০১- "প্রশিক্ষণ ব্যয়" খাতের টেন্ডার সংক্রান্ত নথিপত্র ও বিল-ভাউচার যাচাইয়ে দেখা যায় যে, উক্ত প্রকল্পের আওতায় জেলা/উপজেলা পর্যায়ে ৪০,০০০ জন প্রশিক্ষণার্থীকে ৫০দিন ব্যাপী (২০০ ঘন্টা) স্বশরীরে প্রশিক্ষণ ল্যাবে "Professional Outsourcing Training and Employment Services for IT/ITES Industry" শীর্ষক প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত ১৫টি লটের জন্য ১৫টি ভেন্ডর প্রতিষ্ঠানকে যোগ্য বিবেচনা করা হয়। নির্বাচিত ভেন্ডর প্রতিষ্ঠানসমূহের সাথে সম্পাদিত চুক্তিপত্রের সাথে সংযুক্ত Breakdown of Reimbursable Expenses-এর মধ্যে Training Venue/Training Lab/Computer Lab Rent বাবদ খরচ উল্লেখ রয়েছে। চুক্তি মোতাবেক প্রশিক্ষণ কার্যক্রম স্বশরীরে সম্পন্ন হওয়ার কথা থাকলেও বৈশ্বিক মহামারী করোনা (Covid-19) এর কারণে উক্ত প্রশিক্ষণ ভার্চুয়াল প্লাটফর্মে প্রদান করা হয়। চুক্তি মোতাবেক প্রশিক্ষণ সম্পন্ন হওয়ার পর প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ চুক্তিমূল্যের ৪০% বিল দাখিল করে। যার মধ্যে Training Venue/Training Lab/Computer Lab Rent বাবদ খরচ ৫৩,৭৭,০২৭ টাকা অর্ন্তভুক্ত ছিল এবং প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক যথারীতি উক্ত বিল পরিশোধ করা হয়। যেহেতু উক্ত প্রশিক্ষণসমূহ ভার্চুয়াল প্লাটফর্মে সম্পন্ন করা হয়েছে, সেহেতু প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহকে Training Venue/Training Lab/Computer Lab Rent বাবদ কোন অর্থ পরিশোধের সুযোগ নেই। ফলে, ভার্চুয়াল প্রশিক্ষণে অযৌক্তিক Training Venue/Training Lab/Computer Lab Rent বাবদ অর্থ পরিশোধ করায় ৫৩,৭৭,০২৭ টাকা ক্ষতি হয়েছে। [বিস্তারিত বিবরণ পরিশিষ্ট "গ-গ/১-৩"-তে উল্লেখ করা হলো।]

**অনিয়মের কারণ:** জেনারেল ফিন্যান্সিয়াল রুলস্ এর বিধি ১০(২) ও (৫) লঙ্ঘন।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব:**

১৫-১০-২০২০ খ্রিঃ তারিখে জবাবে জানানো হয় যে, করোনা মহামারি পরিস্থিতির কারণে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক "লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের Professional Outsourcing Training সরাসরি প্রশিক্ষণ ল্যাবে অনুষ্ঠানের পরিবর্তে অনলাইনে ভার্চুয়াল প্লাটফর্মে অনুষ্ঠিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। বিগত ১৭-০৫-২০২০ খ্রিঃ তারিখে আইসিটি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী অনলাইনে উক্ত প্রশিক্ষণ কার্যক্রমের উদ্বোধন করেন। অনলাইনে প্রশিক্ষণ কার্যক্রম শুরু করার কারণে এখন আর সরাসরি প্রশিক্ষণ ল্যাবে এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হচ্ছে না। প্রকল্পের ডিপিপি মোতাবেক কোন প্রশিক্ষণ ব্যাচের ১০০ ঘন্টা প্রশিক্ষণ সম্পন্ন হলে সেই ব্যাচের জন্য নির্ধারিত মোট বিলের ৪০% বিল প্রদানের বিধান আছে। বিগত ৩০ জুন ২০২০ খ্রিঃ পর্যন্ত প্রশিক্ষণের ২০০০ ব্যাচের মধ্যে সর্বমোট ৬৪৮টি ব্যাচের ১০০ ঘন্টা প্রশিক্ষণ সম্পন্ন হয়। উক্ত ৬৪৮টি ব্যাচের জন্য নির্ধারিত মোট বিলের ৪০% বিল পরিশোধ করা হয়েছে। বাকি ৬০% বা ফাইনাল বিল পরিশোধ করা হয়নি। ফাইনাল বিল পরিশোধের সময় Training Venue/Training Lab/Computer Lab Rent বাবদ ধার্যকৃত অর্থ এবং অন্যান্য সকল আনুষঙ্গিক অর্থ যা অনলাইন প্রশিক্ষণে ব্যবহৃত হয়নি, তা কর্তন করে চূড়ান্ত বিল পরিশোধ করা হবে।

স্মারক নং-৮২.১৪.২৬০০.১০১.৯২.১৮৫.২০.৬৯৬ তারিখ: ০৮-১১-২০২০ খ্রি: এর মাধ্যমে সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় বরাবর এআইআর জারী করা হলেও অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা মন্তব্য:**

জবাব স্বীকৃতিমূলক। প্রশিক্ষণসমূহ যেহেতু ভার্চুয়াল প্লাটফর্মে অনুষ্ঠিত হয়েছিল সে কারণে ৪০% বিল হতে Training Venue/Training Lab/Computer Lab Rent ব্যয় বাবদ ৫৩,৭৭,০২৭ টাকা কর্তন করে অবশিষ্ট টাকা পরিশোধ করা প্রয়োজন ছিল। কিন্তু আলোচ্য ক্ষেত্রে Training Venue/Training Lab/Computer Lab Rent ব্যয় না হলেও যোগসাজশের মাধ্যমে উক্ত ব্যয়ের বিল পরিশোধ করা হয়েছে অর্থাৎ Infructuous Expenditure হয়েছে, যা গুরুতর আর্থিক অনিয়ম।

**নিরীক্ষার সুপারিশ :** জড়িত অর্থ অতিসত্বর আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

শিরোনাম: **Head Coach (Local)** কনসালটেন্টকে **RDPP** মোতাবেক প্রাপ্য সম্মানীর অতিরিক্ত অর্থ পরিশোধ করায় ৩২,৩১,২৫০ (বত্রিশ লক্ষ একত্রিশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা ক্ষতি।

বিবরণ:

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর অধীন ''মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (২য় সংশোধিত)''-শীর্ষক প্রকল্পের ২০১৯-২০২০ অর্থ বছরে Head Coach (Local) কনসালটেন্টকে RDPP মোতাবেক প্রাপ্য সম্মানীর অতিরিক্ত অর্থ পরিশোধ করায় ৩২,৩১,২৫০ টাকা ক্ষতি।

প্রকল্পের বিল পাশ রেজিষ্টার, সংশ্লিষ্ট বিল-ভাউচার এবং ব্যয় বিবরণী পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, মঞ্জুরি নং-২৫ এর আওতায় প্রকল্প পরিচালক কর্তৃক কোড নং- ৩২৩১৩০১ ''প্রশিক্ষণ'' এর বিপরীতে টোকেন নং- ১৪৮২৯, বিল নং-৪৪৬, তারিখ: ২৯/০৬/২০২০ খ্রি: এর মাধ্যমে ৪ (চার) জনের মধ্যে ২ (দুই) জন Head Coach (Local) কনসালটেন্ট এর সম্মানী বাবদ সেবা প্রদানকারী প্রতিষ্ঠান মেসার্স M/S. Bangladesh IT Institute and Logical Triangle Ltd (JV) কে RDPP মোতাবেক (২,৯০,০০০×৫ মাস×২ জন)=২৯,০০,০০০ টাকার স্থলে (৪৪,৮৫,০০০+ পরিশোধিত সার্ভিস চার্জ ১০% ১,৫৮,৫০০ টাকাসহ) মোট ৪৬,৪৩,৫০০ টাকা পরিশোধ করা হয়। এছাড়াও বিল নং-৪৩৭, তারিখ: ২৫/০৬/২০২০ খ্রি: এর মাধ্যমে অবশিষ্ট ২ (দুই) জন Head Coach (Local) কনসালটেন্ট এর সম্মানী বাবদ সেবা প্রদানকারী প্রতিষ্ঠান মেসার্স M/S.OLIVINE Ltd+Shezee Studio (JV) কে (২,৯০,০০০×৫ মাস×২ জন)=২৯,০০,০০০ টাকার স্থলে (৪২,৫২,৫০০+পরিশোধিত সার্ভিস চার্জ ১০% ১,৩৫,২৫০ টাকাসহ) মোট ৪৩,৮৭,৭৫০ টাকা পরিশোধ করা হয়েছে। ফলে, Head Coach (Local) কনসালটেন্টকে প্রাপ্য সম্মানীর অতিরিক্ত অর্থ পরিশোধ করায় (১৭,৪৩,৫০০+১৪,৮৭,৭৫০)= ৩২,৩১,২৫০ টাকা ক্ষতি হয়েছে। [বিস্তারিত বিবরণ পরিশিষ্ট "ঘ-ঘ/১"-তে উল্লেখ করা হলো]।

**অনিয়মের কারণ:**

RDPP, Annexure-B1 (Page-36) এ বর্ণিত শর্ত লঙ্ঘন।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব:**

০৮-১০-২০২০ খ্রিঃ তারিখে জবাবে জানানো হয় যে, প্রকল্পের আওতায় ১৩টি লটে Advanced Professional Coaching with Industry Attachment Including Apps & Game Development of Five Months duration for 48 Trainees বাস্তবায়নের নিমিত্তে ডিপিপিতে অতিরিক্ত আরও ১২ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণের সুযোগ সৃষ্টিসহ তালিকাভুক্ত প্রতিষ্ঠানসমূহের হেড কোচ (ফরেন) কনসালটেন্ট এর পরিবর্তে সমসংখ্যক হেড কোচ লোকাল কনসালটেন্ট এর অনুমোদন রয়েছে।

স্মারক নং-৮২.১৪.২৬০০.১০১.৯২.১৮৩.২০.৬৯২.০৩ তারিখ: ০৮-১১-২০২০ খ্রি: এর মাধ্যমে সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় বরাবর এআইআর জারী করা হলেও অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা মন্তব্য:**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ, Head Coach (Local) কনসালটেন্টকে প্রাপ্যতার অতিরিক্ত সম্মানী পরিশোধের জন্য আরডিপিপিতে কোন অর্থ ব্যয়ের সংস্থান (Provision) রাখা নাই।

**নিরীক্ষার সুপারিশ:**

জড়িত অর্থ অতিসত্বর আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

**শিরোনাম: সরকার কর্তৃক ঘোষিত কোভিড-১৯ জনিত সাধারণ ছুটিকালীন অনলাইন প্রশিক্ষণ ব্যয় বাবদ অনিয়মিতভাবে ১৩,৯৪,৯৩৬ (তেরো লক্ষ চুরানব্বই হাজার নয়শত ছত্রিশ) টাকা অতিরিক্ত পরিশোধ।**

**বিবরণ:**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর আওতায় ''মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (২য় সংশোধিত)''- শীর্ষক প্রকল্পের ২০১৯-২০২০ অর্থ বছরে সরকার কর্তৃক ঘোষিত কোভিড-১৯ জনিত সাধারণ ছুটিকালীন অনলাইন প্রশিক্ষণ ব্যয় বাবদ অনিয়মিতভাবে ১৩,৯৪,৯৩৬ টাকা অতিরিক্ত পরিশোধ করা হয়েছে।

''মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (২য় সংশোধিত)''- শীর্ষক প্রকল্পের বিল পাশ রেজিস্টার, সংশ্লিষ্ট বিল-ভাউচার এবং ব্যয় বিবরণী পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, মঞ্জুরি নং-২৫ এর আওতায় প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক কোড নং- ৩২৩১৩০১ এর বিপরীতে সরকার কর্তৃক ঘোষিত কোভিড-১৯ জনিত সাধারণ ছুটিকালীন অনলাইন প্রশিক্ষণ ব্যয় বাবদ অনিয়মিতভাবে ১৩,৯৪,৯৩৬ টাকা অতিরিক্ত পরিশোধ করা হয়েছে। বিস্তারিত পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, অনলাইন প্রশিক্ষণ প্রদান কালে Reimbursable Expenditure (i) Training Venue (Lab) Rent; (ii) Refreshment and Lunch Allowance & (iii) Logistics for Management (১০% সার্ভিস চার্জসহ) ইত্যাদি ব্যয় বাবদ অনিয়মিতভাবে ১৩,৯৪,৯৩৬ টাকা অতিরিক্ত পরিশোধ করা হয়েছে। [বিস্তারিত বিবরণ পরিশিষ্ট “ঙ”-তে উল্লেখ করা হলো]।

**অনিয়মের কারণ:**

ভার্চুয়াল প্লাটফর্মে প্রশিক্ষণ অনুষ্ঠিত হওয়া সত্ত্বেও Reimbursable Expenditure (i) Training Venue (Lab) Rent; (ii) Refreshment and Lunch Allowance & (iii) Logistics for Management. (১০% সার্ভিস চার্জসহ) বাবদ অর্থ পরিশোধ।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব:**

০৮-১০-২০২০ খ্রিঃ তারিখে জবাবে জানানো হয় যে, সরকারি আদেশের আলোকে প্রশিক্ষণ ব্যয় নির্বাহ করা হয়েছে। স্মারক নং-৮২.১৪.২৬০০.১০১.৯২.১৮৩.২০.৬৯২.০৩ তারিখ: ০৮-১১-২০২০ খ্রি: এর মাধ্যমে সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় বরাবর এআইআর জারী করা হলেও অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা মন্তব্য:**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ প্রশিক্ষণসমূহ যেহেতু ভার্চুয়াল প্লাটফর্মে অনুষ্ঠিত হয়েছিল সে কারণে Reimbursable Expenditure (i) Training Venue (Lab) Rent (ii) Refreshment and Lunch Allowance & (iii) Logistics for Management (১০% সার্ভিস চার্জসহ) ১৩,৯৪,৯৩৬ টাকা কর্তন করে অবশিষ্ট টাকা পরিশোধ করা প্রয়োজন ছিল। কিন্তু আলোচ্য ক্ষেত্রে Reimbursable Expenditure (i) Training Venue (Lab) Rent (ii) Refreshment and Lunch Allowance & (iii) Logistics for Management (১০% সার্ভিস চার্জসহ) ব্যয় না হলেও যোগসাজশের মাধ্যমে উক্ত ব্যয়ের বিল পরিশোধ করা হয়েছে অর্থাৎ Infructuous Expenditure হয়েছে, যা গুরুতর আর্থিক অনিয়ম।

**নিরীক্ষার সুপারিশ:**

জড়িত অর্থ অতিসত্ত্বর আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ : ০৬

**শিরোনাম: ভার্চুয়াল প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীদের নাস্তা (Refreshment) ব্যয়ের নামে বাস্তবতা বিবর্জিত ১৫,২৯,৮৭২ (পনেরো লক্ষ উনত্রিশ হাজার আটশত বাহাত্তর) টাকা ক্ষতি।**

**বিবরণ:**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর অধীন "লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট (২য় সংশোধিত)"- শীর্ষক প্রকল্পের ২০১৯-২০২০ অর্থ বছরে ভার্চুয়াল প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীদের নাস্তা (Refreshment) ব্যয়ের নামে বাস্তবতা বিবর্জিত ১৫,২৯,৮৭২ টাকা ক্ষতি।

